



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর

অভ্যন্তরীণ সংগ্রহ শাখা

খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০

www.dgfood.gov.bd



স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৮৫.৮০০.২১.১৪

তারিখ: ২৬ পৌষ ১৪২৮

১০ জানুয়ারি ২০২২

বিষয়: চলতি আমন সংগ্রহ, ২০২১-২২ মৌসুমে নির্ধারিত সময়ে চাল সংগ্রহ নিশ্চিতকরণ।

সূত্র: খাদ্য মন্ত্রণালয়ের স্মারক নং ১৩.০০.০০০০.০৮৩.৩৫.০০৩.২১.৩., তারিখ: ০৮/০১/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, চলতি আমন/২০২১-২২ সংগ্রহ মৌসুমের আওতায় গত ০৭/১১/২০২১ খ্রি: তারিখ থেকে ৫.০০ লাখ মেঃ টন সিন্ধ চাল সংগ্রহ কার্যক্রম শুরু হয়েছে, যা আগামী ২৮/০২/২০২২ খ্রি: তারিখ পর্যন্ত চলবে। পরবর্তীতে খাদ্য মন্ত্রণালয়ের ০৫/১২/২০২১ খ্রি: তারিখের ২৪০নং স্মারকে ১ম দফায় ১.৭০ লাখ মেঃটন এবং খাদ্য মন্ত্রণালয়ের ১৪/১২/২০২১ খ্রি: তারিখের ২৪৯নং স্মারকে ২য় দফায় আরো ০.৫০ লাখ মেঃটনসহ মোট ২.২০ লাখ মেঃটন সিন্ধ চালের অতিরিক্ত বরাদ্দ প্রদান করা হয়। এতে সিন্ধ চালের মোট লক্ষ্যমাত্রা দাঁড়ায় ($5.00 + 2.20 = 7.20$ লাখ মেঃটন)। মাননীয় খাদ্যমন্ত্রীর উপস্থিতিতে এবং সচিব, খাদ্য মন্ত্রণালয় এঁর সভাপতিত্বে গত ২৭ ডিসেম্বর, ২০২১ খ্রি: তারিখে অনুষ্ঠিত অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ কার্যক্রমের অগ্রগতি পর্যালোচনা ও চালের বাজারমূল্য নিয়ন্ত্রণ সংক্রান্ত মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সূত্রস্থ স্মারকে পাওয়া যায়। কার্যবিবরণীতে গৃহীত সিন্ধান্তের ‘চ’ ক্রমিকে নিম্নবর্ণিত সিন্ধান্ত প্রদান করা হয়েছে;

“৩১ জানুয়ারি ২০২২ এর মধ্যে মূল বরাদ্দকৃত লক্ষ্যমাত্রা অনুযায়ী সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করতে হবে এবং ২৮ ফেব্রুয়ারির মধ্যে অতিরিক্ত বরাদ্দকৃত চাল সংগ্রহ সম্পন্ন করতে হবে”

এক্ষণে, উপরোক্ত গৃহীত সিন্ধান্ত মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ তে উল্লেখিত বিনির্দেশসম্মত চাল সংগ্রহের জন্য অনুরোধ করা হলো।

১০-১-২০২২

মোঃ রায়হানুল কবীর

পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮

ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

তারিখ: ২৬ পৌষ ১৪২৮
১০ জানুয়ারি ২০২২


সদয় অবগতি ও কার্যাত্মক প্রেরণ করা হল:

- ১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২) অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।

৫) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।



১০-১-২০২২

মোঃ রায়হানুল করীম

পরিচালক